ঝিনাইদহে ৫ হাজার কণ্ঠে বঙ্গবন্ধুর ভাষণ পাঠ

ঝিনাইদহে ৫ হাজার শিক্ষার্থীর কন্ঠে একসাথে ধ্বনিত হলো বঙ্গবন্ধুর ৭ই মার্চের কালজয়ী ভাষণ। শনিবার সকালে শহরের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে এ অনুষ্ঠানের আয়োজন করে জেলা প্রশাসন। জেলা সদরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে আসা ৫ সহস্র শিক্ষার্থীরা ক্ষুদে বঙ্গবন্ধু সেজে এই ভাষণ দেয়। তারা বঙ্গবন্ধুর মতো একই ভঙ্গিতে ১৯৭১ সালের ৭ই মার্চ তৎকালীন রেসকোর্স ময়দানে বঙ্গবন্ধুর দেওয়া ১৯ মিনিটের ভাষণ প্রদান করে।

শেষে সংক্ষিপ্ত আলোচনা সভায় জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এর সভাপতিত্বে বক্তব্য রাখেন, জেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই, সংরক্ষিত মহিলা আসনের সংসদ খালেদা খানম, প্রাথমিক ও গণশিক্ষা সচিব আকরাম-আল-হোসেন, পুলিশ সুপার মো: হাসানুজ্জামান, জেলা পরিষদের সচিব রেজাই রাফিন সরকার।

এসময় বক্তারা বলেন, আজ যারা এখানে বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করে বঙ্গবন্ধুর ৭ই মার্চের সেই ঐতিহাসিক ভাষণ দিলো তারাই একদিন বাংলাদেশের নেতৃত্ব দেবে। তারাই বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলবে যেখানে কোন দুর্নীতি, শোষণ, নীপিড়ন থাকবে না। সোনার বাংলা গড়া ও বঙ্গবন্ধুর বার্তা বর্তমান প্রজন্মের মাঝে দিতেই আজকের এই আয়োজন।

ঝিনাইদহে ইসলামী আন্দোলনের বিক্ষোভ মিছিল সমাবেশ

ভারতে মুসলিম নির্যাতন, গণহত্যা, পবিত্র মসজিদে অগ্নিসংযোগ এবং নরেন্দ্র মোদির বাংলাদেশে আগমনের প্রতিবাদে কেন্দ্রীয় কর্মসূচীর

অংশ হিসাবে ইসলামী আন্দোলন বাংলাদেশ ঝিনাইদহ জেলা শাখার উদোগে বিক্ষোভ মিছিল সমাবেশ অনুষ্টিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে ঝিনাইদহ শহরের পুরাতন ডিসি র্কোট চত্বর থেকে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে সেখানে সমাবেশ অনুষ্টিত হয়।

সংগঠনের জেলা সভাপতি মাষ্টার শরিফুল ইসলামের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন, সহ-সভাপতি ডা. এইচ এম মোমতাজুল করিম, জয়েন্ট সেক্রেটারী মুফতি মাহমুদুল হাসান হুমায়ন, সাংগঠনিক সম্পাদক মাওলানা হুমায়ন কবীর, ইসলামী যুব আন্দোলনের জেলা সভাপতি মাওনালা আশরাফুল ইসলাম, ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় শুরা সদস্য মুহাঃ বদরুল আমীন, ঝিনাইদহ জেলা সভাপতি মুহাঃ রাসেল উদ্দীন।

মেপ্র/আরপি

মেহেরপুর ইজিবাইক মালিক ও চালক সমিতির বার্ষিক বনভোজন

মেহেরপুর জেলা অটো ইজিবাইক মালিক ও চালক সমিতির বার্ষিক বনভোজন অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার ঝিনাইদহের ড্রীমভ্যালী পার্কে এই বনভোজনের আয়োজন করা হয়।

জেলা অটো ইজিবাইক মালিক ও চালক সমিতির সভাপতি মো: আনোয়ারুল ইসলামের নেতৃত্বে এই বনভোজনের আয়োজন করা হয়।

সাধারণ সম্পাদক মো: মফলেউর রহমান মিন্টু, সিনিয়র সভাপতি মো: পিন্টু, সহ-সভাপতি মো: মাসুদ রানা রশিদুল, কোষধ্যক্ষ মো: আব্দুল্লাহ আল মামুন রোকন, সাংগঠনিক সম্পাদক মো: বিল্লাল শেখ, সহ-সাধারণ সম্পাদক রাজু আহমেদ, আইন সম্পাদক মো: মাসুদ রানা, প্রচার সম্পাদক মো: খালেকুজ্জামান খান, ক্রীড়া ও সাংস্কৃতি বিষায়ক সম্পাদক মো: রিপন, দপ্তর সম্পাদক মো: সোহেল রানা,

শ্রমিক ও সমাজ কল্যান বিষায়ক মো: খোরশেদ আলম, নির্বাহী সদস্য মো: আব্দুস সাত্তার, মো: সম্রাট আলী সেন্টু, মো: সাইফুল ইসলাম, মো: আলেক আলী, মো: মিলন রেজা, সহ মেহেরপুর সদরের সকল মালিক ও অটো চালক গণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, বনভোজনে র্যাফেল ড্র লাকী কুপনের ১ম ভাগ্যবান পেয়েছেন একটি ৩২” এলএডি কালার টিভি, এছাড়াও সর্বমোট ৩১ টি পুরষ্কার দেওয়া হয়।

মেপ্র/আরপি

ঝিনাইদহে জাতীয় পাট দিবস পালিত

‘সোনালী আশেঁর সোনার দেশ, মুজিব বর্ষে বাংলাদেশ’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় পাট দিবস পালিত হয়েছে।

জেলা প্রশাসন ও পাট অধিদপ্তরের আয়োজনে শুক্রবার সকালে কালেক্টরেট চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) খান আব্দুল্লা আল মামুন, জেলা পাট উন্নয়ন কর্মকর্তা কে এম আব্দুল বাকী প্রমূখ। অনুষ্ঠানে জেলার ৬ উপজেলার পাট চাষী ও ব্যবসায়ীরা বক্তব্য রাখেন।

বক্তারা, পাটের উৎপাদন বৃদ্ধির জন্য কৃষক পর্যায়ে দেশীয় পাটবীজ উৎপাদনে ও মৌসুমে পাটের ন্যায্য মুল্যে নিশ্চিত করতে সরকারের সহযোগিতা কামনা করেন।

পরে জেলার ৬ জন শ্রেষ্ঠ পাট, পাটবীজ উৎপাদনকারী ও পাটের বস্তা

ব্যবহারকারীদের পুরস্কৃত করা হয়।

মেপ্র/আরপি

কোটচাঁদপুরে আন্তর্জতিক নারী দিবস পালিত

“প্রজন্ম হোক সমতার সকল নারীর অধিকার” এই প্রতিপাদ্য নিয়ে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুেও নারী সমাবেশ কর্মসূচি অনুষ্টিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে ও উপজেলা প্রশাসনের সহযোগিতায় স্থানীয় উপজেলা পরিষদ মিলনায়তনে এই সমাবেশ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

নারীর ক্ষমতায়নে বঙ্গবন্ধুর অবদান শীর্ষক আলোচনা সভায় উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানার সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসাবে ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো: রতন মিয়া, মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সি ফিরোজা সুলতানা, সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, প্রকল্প বাস্তবায়ন অফিসার (অঃদাঃ) মেহেরুন্নেছা, পল্লী উন্নয়ন অফিসার বাহাউল ইসলাম প্রমুখ।

অনুষ্ঠানে ১১ জন প্রশিক্ষণার্থী নারীদের মাঝে ১ লাখ ৬৫ হাজার টাকার চেক বিতরণ করা হয়।

মেপ্র/আরপি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কোটচাঁদপুর কপোতাক্ষ নদে কচুরিপানা অপসারণের উদ্বোধন

নদী রক্ষায় সকলকে উদ্বুদ্ধ করতে ঝিনাইদহের কোটচাঁদপুরে কপোতাক্ষ নদের কচুরিপানা অপসারণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। গত মঙ্গলবার বিকাল ৫টার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে এবং জেলা প্রশাসন, জেলা পরিষদ ও উপজেলা পরিষদের সহযোগিতায় শহরের ব্রীজঘাট এলাকায় এই কর্মসূচির উদ্বোধন করা হয়।

প্রধান অতিথি হিসাবে উপস্থিত হয়ে রোভার স্কাউটদের সাথে নিয়ে নৌকা চালিয়ে কর্মসূচির উদ্বোধন করেন, ঝিনাইদহ জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। এর আগে তিনি বলুহর ইউনিয়নের হাড়ভাঙ্গা গ্রামে গুচ্ছগ্রাম প্রকল্পের উদ্বোধন করেন।

এসময় উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো: রবিউল ইসলাম, অতিরিক্ত জেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট মো: ইরফানুল হক, উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানা, সহকারি কমিশনার, উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, সাংস্কৃতিক, সামাজিক, সাংবাদিক সহ নদী পাড়ের শত শত মানুষ।

কপোতাক্ষ নদের কচুরিপানা অপসারণ উপলক্ষে নদীকেন্দ্রিক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেপ্র/আরপি

কোটচাঁদপুরে বঙ্গবন্ধুর

জন্মশতবার্ষিকী ও মহান স্বাধীনতা দিবসের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

আগামী ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্যাপন উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের আয়োজনে প্রস্তুতিমূলক সভা অনুষ্টিত হয়েছে।

গতকাল বুধবার বেলা ১১ টার দিকে স্থানীয় উপজেলা পরিষদ মিলনায়তনে নির্বাহী অফিসার নাজনীন সুলতানার সভাপতিত্বে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, পৌর মেয়র জাহিদুল ইসলাম, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা ডা: আব্দুর রশিদ, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, পৌর আওয়ামী লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, সাংবাদিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক নেতারা উপস্থিত ছিলেন।

সভায় যথযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্যাপন করার লক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহন করা হয়।

মেপ্র/আরপি

ঝিনাইদহের নবগঙ্গা নদীর অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান চলছে

ঝিনাইদহে ২য় দিনের মত নবগঙ্গা নদীর অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। বুধবার সকাল থেকে বিকাল পর্যন্ত এ অভিযান চালায় জেলা প্রশাসন ও পানি উন্নয়ন বোর্ড।

এসময় শহরের চাকলাপাড়া ও ক্যাসেল ব্রীজ সংলগ্ন টিনের ঘর, পাকা- আধাপাকা দোকান ঘর গুড়িয়ে দেওয়া হয়। অভিযানে পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী সারোয়ার জাহান সুজনসহ আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা অংশ নেয়।

মঙ্গলবার সকালে শহরের চাকলাপাড়া ব্রীজ এলাকা থেকে পবহাটি ব্রীজ এলাকা পর্যন্ত ৭৩ টি উচ্ছেদ অভিযান শুরু হয়। এ দু’দিনে গুড়িয়ে দেওয়া হয় অর্ধশতাধিক স্থাপনা।

এসময় নির্বাহী প্রকৌশলী সারোয়ার জাহান সুজন জানান, অবৈধ দখলদারদের তালিকা প্রনয়ণ করে তাদের অবৈধ স্থাপনা স্বেচ্ছায় সড়িয়ে নিতে নোটিশ দেওয়া হয়েছিল। অনেকে স্বেচ্ছায় সড়িয়ে নিয়েছে।

যার স্থাপনা সরাননি সেইগুলো উচ্ছেদ শুরু হয়েছে। ২ দিনে চাকলাপাড়া, আরাপপুরের ক্যাসেল ব্রীজ এলাকার স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। উচ্ছেদ শেষ না হওয়া পর্যন্ত এ অভিযান চলবে বলেও জানান তিনি।

ঝিনাইদহে ভ্রাম্যমাণ আদালতে মাদক ব্যবসায়ীর কারাদন্ড

ঝিনাইদহে ভ্রাম্যমাণ আদালতে বিপ্লব হোসেন নামের এক মাদক ব্যবসায়ীকে ২ বছরের কারাদন্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

বুধবার দুপুরে জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এস.এম. রকিবুল হাসান এ দন্ডাদেশ প্রদাণ করেন। দন্ডিত বিপ্লব হোসেন শহরের সরকারি মহিলা কলেজ পাড়ার জয়নুদ্দিনের ছেলে।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের সহকারী পরিচালক আজিজুল হক জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে বিপ্লব হোসেন নিজ বাড়ীতে মাদক ক্রয় বিক্রয় করছে।

এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে বিপ্লব হোসেনকে ৩ গ্রাম হোরোইনসহ আটক করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালত তাকে ২ বছরের বিনাশ্রম কারাদন্ড ও ৫০ টাকা জরিমানা করে।